গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০১.০০০০.১৪০.১১.০১০.১৯ (অংশ-৩)- ২৬২

তারিখঃ ১০ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ
২৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য অধিদপ্তরাধীন সিভিল সার্জন অফিস, চাঁদপুর ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহে ৩১ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের প্রশাসনিক অনুমোদন

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃ অধিঃ হিসাব/আউট সোর্সিং/ জনবল নিয়োগ/প্রশাঃঅঃ/সিএস চাঁদপুর/২০২০-২০২১/১৭৯৯, তারিখঃ ২৮/১২/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরাধীন সিভিল সার্জন অফিস, চাঁদপুর ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহে ২০১৯-২০২০ অর্থ বছরে অনুমোদনকৃত ৩১ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করে ভূতাপেক্ষ ভাবে দরপত্রের প্রশাসনিক অনুমোদনের বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থ্যা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে

১০/০২/২০২১
(জাকিয়া পারভীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

বিতরণঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (অর্থ)]।
২। সিভিল সার্জন, চাঁদপুর **[আউটসোর্সিং এর মাধ্যমে সেবা ক্রয়ের ক্ষেত্রে ভবিষ্যতে এ ধরনের অনিয়ম (মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন ব্যতীত সেবা ক্রয়) হতে বিরত থাকার জন্য তাকে নির্দেশক্রমে সতর্ক করা হল।]**

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলদেশ সচিবালয়, ঢাকা [দৃঃআঃ যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-৬)]
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]
৩। যুগ্মসচিব (বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম
৫। জেলা প্রশাসক, চাঁদপুর
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাঁদপুর
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০১.০০০০.১৪০.১১.০০১.২১- ২৬৩

তারিখঃ ১০ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ
২৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীন মানসিক হাসপাতাল, পাবনা কার্যালয়ে সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান

সূত্রঃ মানসিক হাসপাতাল, পাবনা এর স্মারক নং- মাহাপা/প্রশা/ছাড়পত্র/২০২০/১৬৫৮, তারিখঃ ০৬/০৮/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯/০১/২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০-২২ সংখ্যক পরিপত্রের নির্দেশনা/শর্ত মোতাবেক নিয়োগ সংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মানসিক হাসপাতাল, পাবনা কার্যালয়ে সরাসরি নিয়োগযোগ্য নিম্নোক্ত ০৭টি শূন্য পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হলো ও নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

| প্রতিষ্ঠানের নাম | ক্রমিক নং | পদের নাম | প্রস্তাবিত পদের সংখ্যা | ছাড়কৃত পদের সংখ্যা | মন্তব্য/ছাড়পত্র না দেয়ার কারণ |
|---|---|---|---|---|---|
| মানসিক হাসপাতাল, পাবনা | ১ | ষ্টেনোগ্রাফার/সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ০১ | -- | পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য |
| | ২ | ক্যাশিয়ার | ০১ | ০১ | পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য |
| | ৩ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩ | ০১ | ৩০% হিসেবে ০২টি পদ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য |
| | ৪ | সহকারী শরীর চর্চা প্রশিক্ষক | ০১ | -- | নিয়োগবিধি বহির্ভূত পদ |
| | ৫ | সহকারী অকুপেশনাল থেরাপিষ্ট | ০৪ | -- | নিয়োগবিধি বহির্ভূত পদ |
| | ৬ | ই ই জি টেকনিশিয়ান | ০১ | -- | নিয়োগবিধি বহির্ভূত পদ |
| | ৭ | ষ্টুয়ার্ড | ০১ | -- | পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য |
| | ৮ | পরিসংখ্যানবিদ | ০১ | ০১ | |
| | ৯ | রেন্ট কালেক্টর | ০১ | -- | নিয়োগবিধি বহির্ভূত পদ |
| | ১০ | ড্রাইভার | ০১ | ০১ | |
| | ১১ | ক্যালেন্ডার মাষ্টার | ০১ | ০১ | |
| | ১২ | কার্পেন্টার | ০১ | ০১ | |
| | ১৩ | টেইলর | ০১ | ০১ | |
| | | | | মোট ০৭টি | |

শর্তাবলীঃ

(১) সকল আনুষ্ঠানিকতা পালনসহ 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮' ও নিয়োগ সংক্রান্ত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(২) অস্থায়ী পদসমূহ হালনাগাদ সংরক্ষণ করতে হবে;

(৩) পদোন্নতিযোগ্য শূন্য পদে এবং আউটসোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;

(৪) জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;

(৫) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় এবং অন্যান্য তথ্যে কোন গরমিল/তারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং স্ব স্ব প্রতিষ্ঠানের তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;

(৬) বর্তমানে ছাড়কৃত ০৭টি পদের মধ্যে যদি পূর্বে ছাড়কৃত কোন পদ অন্তর্ভুক্ত থাকে/নিয়োগ কার্যক্রম চলমান থাকে/পদের বিরুদ্ধে মামলা থাকে, সেসব পদে জনবল নিয়োগ করা যাবে না;

(৭) সাংগঠনিক কাঠামো ও পদসৃজনের আদেশে অবশ্যই প্রস্তাবিত পদ থাকতে হবে। তবে, পদ সৃজনের আদেশে পদ থাকলে ২০১৮ এর নিয়োগ বিধিমালার তফসিলে উক্ত পদ না থাকলে নিয়োগ দেয়া যাবেনা;

চলমান পাতা-২

(৮) 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮' তে অন্তর্ভূক্ত নেই এমন কোন পদে নিয়োগ দেয়া যাবে না এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী নিয়োগযোগ্য প্রতিটি পদের ১০% শূন্য রাখতে হবে;

(৯) প্রস্তাবকৃত শূন্যপদ পদোন্নতিযোগ্য পদ, পদ সৃজন, মামলা মোকদ্দমা ইত্যাদি যাচাই/বাছাই করে নিয়োগ প্রদানের শর্তে ছাড়পত্র প্রদান করা হল।

২০/০২/২০২১

(জাকিয়া পারভীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

পরিচালক
মানসিক হাসপাতাল
পাবনা

অনুলিপিঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।